



৫৫৫

ঢাকা শিক্ষক প্রশিক্ষণ  
মহাবিদ্যালয়ের  
সমস্যা প্রসঙ্গে

ঢাকা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। ১৯০৯ সালে ইহা স্থাপিত। মানুষ গড়ার কারিগর শিক্ষক প্রশিক্ষণে এই কলেজটির একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে একথা সর্বজনবিদিত। কিন্তু কলেজটির ওপর যেন শনির প্রভাব পড়েছে। চলতি মাসের প্রথম সপ্তাহ থেকে এ কলেজের উপর অশুভ শক্তির পায়তারা আমরা কলেজের ছাত্র সমাজ স্পষ্ট লক্ষ্য করছি। এই কলেজের হীরক জয়ন্তী উপলক্ষে প্রখ্যাত শিল্পী জনাব মোঃ সামছুল ইসলাম নিজামীর প্রচেষ্টায় নির্মিত শিক্ষককুলের স্মৃতি ফলক 'সান এণ্ড সোল' ধ্বংস করার হীন প্রচেষ্টা সম্মিলিত ছাত্র সমাজ ব্যর্থ করে দিয়েছে। উল্লেখ্য যে, উক্ত 'সান এণ্ড সোল' স্মৃতিফলক কলেজের মনোগ্রাম হিসেবে শোভা পাচ্ছে।

যে মুহূর্তে উক্ত স্মৃতিফলক ধ্বংসের জন্য ছাত্র সমাজ আন্দোলন করছিল ঠিক সেই মুহূর্তে কলেজ প্রশাসনের ওপর নেমে আসে অযাচিত হস্তক্ষেপ। এই শিক্ষক প্রশিক্ষণ কলেজ বহুবিধ সমস্যায় জর্জরিত। শিক্ষকদের জন্য কোন আবাসিক কোয়ার্টার নেই। মানবিক কারণে ২/৩ জন সার হোস্টেলের নীচ তলায় কোন রকমে দিনাতিপাত করছেন। শুধু হোস্টেলের তদ্ব্যবস্থায়কদের আবাসিক ব্যবস্থা ছাড়া অন্য কোন শিক্ষকের আবাসিক ব্যবস্থা নেই।

টিটি কলেজের বিভিন্ন কক্ষ শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বিজ্ঞান প্রকল্প এবং বাইড প্রকল্প দখল করে নিয়েছে। যার ফলে কলেজে শিক্ষকদের কক্ষের অভাব, শিক্ষক কমন রুমের অভাব, ছাত্রদের শ্রেণীকক্ষের অভাব, ছেলেদের কমন রুমের অভাব এবং ছাত্র/ছাত্রীদের ক্যান্টিনের অভাব তীব্রভাবে অনুভূত হচ্ছে।

টিটি কলেজের স্থায়ী ভাবমূর্তি ক্ষুণ্ণ হতে দেয়া যায় না। তাই কলেজের সম্মুখে বিজ্ঞান প্রকল্প নির্মাণ করতে দেয়া অনুচিত। বিজ্ঞান প্রকল্প নিঃসন্দেহে একটি শিক্ষামূলক সুন্দর প্রতিষ্ঠান। আমরা এই প্রকল্প অন্যত্র কোন এক ভাল পরিবেশে গড়ে উঠুক তা কামনা করি। কিন্তু তাই বলে টিটি কলেজের স্বার্থ ক্ষুণ্ণ করে নয়।

টিটি কলেজ হোস্টেলেও নানা সমস্যা। হোস্টেলে পানি, বিদ্যুৎ, ফার্নিচার-এর অভাব। সর্বোপরি ডাইনিং সংক্রান্ত কিছু অভিযোগ বা সমস্যা রয়েছে যেগুলো শিক্ষকদের আর্থিক ব্যয় বৃদ্ধির কারণ।

তারিখ ... 2.8 OCT 1988

পৃষ্ঠা... ৩...

বর্তমান দ্রব্যমূল্যের প্রেক্ষিতে প্রত্যেক শিক্ষার্থীর জন্য ২শ' টাকা স্টাইপেন্ড খুবই অপ্রতুল। স্টাইপেন্ডের পরিমাণ অন্ততঃ ৫শ' টাকা পর্যন্ত বর্ধিত করা উচিত। অতএব, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন, টিটি কলেজের যাবতীয় সমস্যা দূরীকরণে আশু পদক্ষেপ গ্রহণ করা হোক।

খান মোশাররেফ হোসেন  
রোল নং-১৩৬

টিটি কলেজ, ঢাকা।

পরীক্ষা পিছানোর আবেদন

১৯৮৫ ইং সালের শেষ পর্ব মাস্টার্স ডিগ্রী (স্নাতন) পরীক্ষা, ১৯৮৮ ইং সালের ১৯শে নভেম্বর থেকে অনুষ্ঠিত হতে যাচ্ছে। অন্য দিকে ১৯৮৭ ইং সালের এলএলবি প্রথম ও শেষ পর্ব পরীক্ষা আরম্ভ হবে পহেলা নভেম্বর হতে এবং শেষ হবে ৫ই ডিসেম্বর। প্রতি বছর অনেক শিক্ষার্থীই সময়ের অভাবের জন্য একই সময় এমএ এবং এলএলবি কোর্স অত্যন্ত কষ্টের সাথে সম্পন্ন করার চেষ্টা করে। এত অনেকে সফলও পেয়েছে। তদ্রূপ এ বছরও আমরা একই সাথে অনেক শিক্ষার্থী উপরোক্ত ব্যবস্থা নেই। যার ফলস্বরূপে আমরা অনেকেই মা-বাবার কষ্টার্জিত টাকা দিয়ে উভয় পরীক্ষা দেয়ার সিদ্ধান্ত নেই। এ বছর বন্যা এবং নানা কারণে অবশ্য পরীক্ষা অনেক পিছানো হয়েছে। তদুপরি আমাদের মূল্যবান সময়ের দিকে লক্ষ্য রেখে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন, এলএলবি পরীক্ষার তারিখ ঠিক রেখে শেষ পর্ব মাস্টার্স ডিগ্রী পরীক্ষা অন্ততঃ বিশ দিন পিছানো হোক।

মোঃ জালাল উদ্দিন ও  
অনীল চন্দ্র  
সিটি ল কলেজ, ঢাকা।